

ভর্তি ফি বাড়ানোর প্রতিবাদ শিক্ষার্থীদের উপাচার্য ভবনে হামলা, ভাংচুর

বি প্রতিনিধি
খলা কৃষি বিশ্ববিদ্যালয়ে
) ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ভর্তি
গানোর প্রতিবাদে উপাচার্যের
ন ভাংচুর ও বিক্ষোভ করেছে
রা। বিগত বছরের চেয়ে ভর্তি
শি হওয়ায় শনিবার রাতে এ
র ঘটনা ঘটে। পরে
পালয় কয়েকজন শিক্ষক
বাসভবনের সামনে এসে ভর্তি
বিবেচনা করা হবে আশ্বাস দিলে
শি বাসভবনের সামনে থেকে
। এ সময় ভর্তি ফি কমানোর
পাড়ির রাতেই ক্যাম্পাসে মিছিল
ফাখীরা। প্রশাসন থেকে এ
ঘটনায় একটি তদন্ত কমিটি
। হবে বলে জানানো হয়।
গননকারী শিক্ষার্থী ও

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, শনিবার
রাতে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ
করে নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি প্রকাশ করা
হয়। এতে ভর্তি ফি শিক্ষার্থীদের
সর্বমোট পঁচিশ হাজার টাকা নির্ধারণ
করা হয়। এ বিজ্ঞপ্তি প্রকাশ পাওয়ার
পর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা প্রতিবাদ
জানাতে খেলার মাঠে জড়ো হতে
থাকে।

পরে তারা একটি প্রতিবাদ মিছিল
বের করে উপাচার্য বাসভবনের সামনে
বিক্ষোভ করতে থাকে। এ সময় তারা
উপাচার্য ভবনের গাড়ি লক্ষ্য করে ইট
ছুড়ে মারতে থাকে। এতে উপাচার্যের
বাড়িতে রাখা গাড়ির কাচসহ কয়েকটি
বৈদ্যুতিক বাতি ক্ষতিগ্রস্ত হয়। পরে
উত্তেজিত শিক্ষার্থীদের শাস্ত করিতে
কয়েকজন শিক্ষক তাদের দাবি
বিবেচনা করার আশ্বাস দেন।

প্রশাসনের দাবি অনুযায়ী, এ বছর
মাত্র কয়েকটি খাতে টাকা বৃদ্ধি করা
হয়েছে। ভর্তি ফি ২০০০ টাকা থেকে
বাড়িয়ে ২৫০০, রেজিস্ট্রেশন ফি ২০০
থেকে ৪০০, বিদ্যাৎ ২০০ থেকে ৩০০,
ওরিয়েন্টেশন ফি ১০০ থেকে ২০০,
ক্যালেন্ডার ফি ৫০ থেকে ৭৫, স্বাস্থ্য ফি
৫০ থেকে ১০০ টাকাসহ ফিন্ড ডিভিড
২৫০০ টাকা বৃদ্ধি করা হয়েছে। এ ছাড়া
এগ্রিকালচার ম্যানেজমেন্ট অনুষদের
ইন্টার্নশিপ ও ভেটেরিনারি মেডিসিন
অনুষদের ইন্টার্নশিপ ও সার্জিকাল
বক্তার জন্য আলাদা বাড়তি কিছু টাকা
নেওয়া হচ্ছে। এ বিষয়ে উপাচার্য
অধ্যাপক মো. শাদাত উল্লাহ
সাংবাদিকদের জানান, যারা ভাংচুর
করেছে তাদের শাস্ত করতে তদন্ত
কমিটি গঠন করা হবে। তবে ফি
কমানো নিয়ে সরাসরি কোনো মতব্যা না
করে বিষয়টি নিয়ে তিনি আলোচনা
করবেন বলে জানিয়েছেন।